# AKASHVANI (AIR)
# KOLKATA
## Bengali News
## 21.05.2024 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) মুখ্যমন্ত্রী সম্পর্কে আপত্তিকর মন্তব্য করার জন্য তমলুকের বিজেপি প্রার্থী প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের প্রচারে ২৪ ঘণ্টার নিষেধাজ্ঞা জারি করেছে নির্বাচন কমিশন।

২) শেষ দু-দফার লোকসভা নির্বাচনের প্রচার এখন তুঙ্গে।
আগামীকাল ফের রাজ্যে আসছেন অমিত শাহ্।

৩) শনিবার ষষ্ঠ দফার ভোটের দিন প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাষ থাকায়, বিপর্যয় মোকাবিলা দফতরের সঙ্গে আগামীকাল বৈঠকে বসছেন মুখ্য নির্বাচনী আধিকারিক।।

৪) দক্ষিণ-পশ্চিম বঙ্গোপোসাগর উপকূলে সৃষ্ট ঘূর্ণাবর্ত আগামীকাল নিম্নচাপে রূপ নিতে চলেছে। ক্রমশ তা গভীর নিম্নচাপে পরিণত □তে পারে।

৫) আই পি এল ক্রিকেটের প্রথম কোয়ালিফায়ার ম্যাচে আজ কলকাতা নাইট রাইডার্স – সানরাইজার্স □ায়দ্রাবাদের মুখোমুখি □য়েছে।

ooooooooooooooooo

মুখ্যমন্ত্রী সম্পর্কে আপত্তিকর মন্তব্য করার জন্য নির্বাচন কমিশনের ভর্ৎসনা এবং কড়া শাস্তির মুখে পড়লেন তমলুকের বিজেপি প্রার্থী, প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। আজ বিকেল ৫টা থেকে আগামীকাল বিকেল ৫টা পর্যন্ত ২৪ ঘন্টা তিনি প্রচার করতে পারবেন না। কমিশন বলেছে, মুখ্যমন্ত্রীকে নিম্নমানের ব্যক্তিগত আক্রমণ করে আদর্শ আচরণবিধি লঙ্ঘণ করেছেন শ্রী গঙ্গোপাধ্যায়। যেকোনো ম□িলা সম্পর্কে এই ধরনের বক্তব্য অত্যন্ত নিন্দনীয় এবং অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের মতো শিক্ষাগত ও পেশাগত যোগ্যতার একজন ব্যক্তির কাছ থেকে এ□েন জঘন্য মন্তব্য কোনোভাবেই মেনে যায় না।
উল্লেখ্য, গত ১৫ই মে তমলুকের একটি নির্বাচনী সভায় মুখ্যমন্ত্রীর উদ্দেশে ঐ কুরুচিকর মন্তব্য করেন বিজেপি প্রার্থী। তাতে তীব্র আপত্তি জানিয়ে নির্বাচন কমিশনের দ্বারস্থ □য় তৃনমূল কংগ্রেস। তমলুক আসনে ভোট নেওয়া □বে ষষ্ঠ দফায়, আগামী শনিবার। তার প্রচার শেষ □তে বাকি আর দুদিন।

oooooooooooooooooo

রাজ্যে শেষ দু-দফার ভোটের প্রচার তুঙ্গে। তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বসির□াট ও বারাসাতের দলীয় প্রার্থীদের সমর্থনে আজ জনসভা করেন। বসির□াটের সভায় তিনি বলেন, সন্দেশখালি নিয়ে বিজেপি-র ঘৃণ্য চক্রান্ত ফাঁস □য়ে গেছে। ম□িলারাই সেই চক্রান্ত ব্যর্থ করে দিয়েছেন।
তৃণমূল প্রার্থী ভোটে জিতলে তিনি সন্দেশখালি আসবেন বলেও ঘোষণা করেন মুখ্যমন্ত্রী ।
অশোকনগরের সভায় মুখ্যমন্ত্রী আবারও সি এ এ, এন আর সি নিয়ে বিজেপি-র বিরুদ্ধে সরব □ন।
অন্যদিকে, মেদিনীপুরের বিজেপি প্রার্থীর সমর্থনে তারকা প্রচারক মিঠুন চক্রবর্তীর রোড শো-কে ঘিরে আজ তুলকালাম কান্ড বাধে। আচমকা মিছিল লক্ষ্য করে জলের বোতল, ইট, জুতো ইত্যাদি উড়ে আসতে দেখা যায়। এনিয়ে পরিস্□িতি উত্তপ্ত □য়ে ওঠে। অভিযোগের তীর শাসক দলের দিকে।
বাঁকুড়া কেন্দ্রের দলীয় প্রার্থীর □য়ে আজ শালতোড়ায় জনসভা করেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী। তিনি বলেন, বিজেপি-র ক্ষমতা নেই এরাজ্যে লক্ষ্মীর ভান্ডার প্রকল্প বন্ধ করার।
পুরুলিয়ার বিজেপি প্রার্থীর সমর্থনে কাশীপুরে রোড শো করেন দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। রামকৃষ্ণ মিশন - ভারত সেবাশ্রম সংঘের মতো প্রতিষ্ঠানের সাধু-সন্তদের নিয়ে মুখ্যমন্ত্রীর মন্তব্যের কড়া সমালোচনা করেন তিনি।

এদিকে, কার্তিক ম□ারাজ সম্পর্কে মুখ্যমন্ত্রীর মন্তব্যের ব্যাপারে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী গতকাল তৃণমূল কংগ্রেস নেত্রী পাশে দাঁড়ালেও আজ ব□রমপুরে সাংবাদিকদের তিনি বলেন, সাধু-সন্তদের কটূ কথা বলে নিকৃষ্টমানের রাজনীতি করছে মুখ্যমন্ত্রী।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিও এই ইস্যুতে সরব □য়েছেন। আজ কেশপুরের এক জনসভায় তিনি বলেন, সাধু-সন্ন্যাসীদের অপমান বাংলার মানুষ বরদাস্ত করবে না।

oooooooooooooooo

রামকৃষ্ণ মিশনের সাধার সম্পাদক স্বামী সুবিরানন্দ বলেছেন, রামকৃষ্ণ মিশন একটি অরাজনৈতিক আন্তর্জাতিক প্রতিষ্ঠান। রাজনীতিতে তাদের সন্ন্যাসী ও ব্রহ্মচারীরা অংশগ্র□ণ করেন না। ভোট দেওয়ার ব্যাপারে ভক্তদের কোন উপদেশও দেন না তাঁরা।

এদিকে, শিলিগুড়ির সেবক রোডের সালুগাড়ায় রামকৃষ্ণ মিশনের আবাসিকদের বসবাসের জায়গায় আগ্নেয়াস্ত্র নিয়ে দুষ্কৃতিদের □ামলা চালানোর ঘটনায় শুরু □য়েছে রাজনৈতিক চাপানউতোর। রাজ্যে প্রচারে এসে গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রবিবার ভোর রাতের ওই ঘটনার তীব্র নিন্দা করেন।

অন্যদিকে, কার্তিক ম□ারাজকে নিয়ে মুখ্যমন্ত্রীর মন্তব্যের প্রতিবাদে সনাতন সংস্কৃতি মঞ্চ আগামী শুক্রবার কলকাতায় মিছিল করার সিদ্ধান্ত নিয়েছে। বাগবাজারের মায়ের বাড়ি থেকে সিমলা স্ট্রীটে স্বামী বিবেকানন্দের পৈত্রিক ভিটা পর্যন্ত মিছিল করবে তারা।

oooooooooooooooooo

প্রবীণ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা□ নির্বাচনের প্রচারে আগামীকাল ফের রাজ্যে আসছেন। কাঁথি,ঘাটাল, পুরুলিয়া এবং বাঁকুড়া লোকসভা কেন্দ্রে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন তিনি।

অন্যদিকে, বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডাও আগামীকাল উত্তর ও দক্ষিণ কলকাতা এবং বারাসাত লোকসভা কেন্দ্রে দলীয় প্রার্থীদের □য়ে জনসভা ও রোড শো করবেন।

oooooooooooooooooo

৮৫ উর্ধ্ব দুই নাগরিকের □োম ভোটিং-কে কেন্দ্র করে বিজেপি-তৃনমূল কংগ্রেস সংঘর্ষে, কলকাতার বেলেঘাটা এলাকা আজ উত্তপ্ত □য়ে ওঠে। বিজেপির জেলা সভাপতি তমোঘ্ন ঘোষের অভিযোগ, তিনি দলের পোলিং এজেন্টকে ঢোকানোর কথা বলতে গেলে তৃনমূল কংগ্রেসের লোকজন তাঁর ওপর চড়াও □য়। তাঁকে বাঁচাতে গিয়ে মার খান দলের এক কর্মী। পাল্টা তৃনমূল কংগ্রেসের দাবি, ব□িরাগতদের নিয়ে এসেছিল বিজেপি। গণ্ডগোলের খবর পেয়ে ঘটনাস্থলে যান কলকাতা উত্তর কেন্দ্রের বিজেপি প্রার্থী তাপস রায়।

অন্যদিকে, একশো নম্বর ওয়ার্ড জুড়ে যাদবপুরের সিপিআইএম প্রার্থী সৃজন ভট্টাচার্য্যের সমর্থনে লাগানো সমস্ত ফ্লেক্স, □োর্ডিং শাসক দল আশ্রিত দুস্কৃতীরা ছিঁড়ে দিয়েছে বলে অভিযোগ করেছে দল। সিসি ক্যামেরার ফুটেজেও ধরা পড়ে সেই ছবি।

oooooooooooooooooo

শনিবার যে আটটি আসনে ভোট নেওয়া □বে, তার মধ্যে রয়েছে ঘাটাল। নজরকাড়া এই কেন্দ্র নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট)

ooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের নতুন পুলিশ সুপার য়েছেন ডক্টর সোনাওয়ানে কুলদীপ সুরেশ। নির্বাচন কমিশন গতকাল এই পদ থেকে ধৃতিমান সরকারকে সরিয়ে দেয়। নতুন পুলিশ সুপারকে আজ সন্ধে ৬-টার মধ্যে দায়িত্ব গ্রণ করতে বলা য়েছে।

উল্লেখ্য, কমিশনের সচিব রাকেশ কুমার গতকাল রাজ্যের মুখ্য সচিবকে লেখা এক চিঠিতে ধৃতমান সরকারকে অপসারণ ও নির্বাচন সংক্রান্ত কোনরকম দায়িত্ব না দেওয়ার নির্দেশ দেন। তাঁর জায়গায় নতুন সুপার নিয়োগের জন্য আজ বেলা ১১-টার মধ্যে তিনজন যোগ্য অফিসারের নামের তালিকা পাঠাতে বলা য়। বিজেপি-র অভিযোগের ভিত্তিতেই পুলিশ সুপারের এই অপসারণ বলে জানা গেছে।

oooooooooooooooooo

আগামী শনিবার ষষ্ঠ দফা নির্বাচনের সময় বিভিন্ন জেলায় প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস থাকায় রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব আগামীকাল বিপর্যয় মোকাবিলা দফতরের সচিব ও অন্যান্য আধিকারিকের সঙ্গে বৈঠক করবেন। বিভিন্ন জেলার জেলাশাসকরাও বৈঠকে ভার্চুয়ালি উপস্থিত থাকবেন বলে সিইও-র দপ্তর সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য আগামী শনিবার দুই মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়ার আটটি আসনে নির্বাচন। ভোটের সময় দুর্যোগ লে বিভিন্ন ভোট গ্রণ কেন্দ্র ক্ষতিগ্রস্ত তে পারে বলে আশঙ্কা থাকায় তার আগাম প্রস্তুতি নিতেই বৈঠকে বসতে চলেছে নির্বাচন কমিশন।

oooooooooooooooooo

দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর উপকূলে পূর্ব বাংলাদেশ ও তার সংলগ্ন এলাকার ওপর কেন্দ্রীভূত ঘূর্নাবর্ত আগামীকাল নিম্নচাপের রূপ নিতে চলেছে। এটি উত্তর-পূর্ব দিকে এগিয়ে শুক্রবার সকাল নাগাদ গভীর নিম্নচাপে পরিণত তে পারে। এই নিম্নচাপ আরও ঘনীভূত বে বলে আবাওয়া দপ্তরের পূর্বাভাস। এর প্রভাবে আজ দক্ষিনবঙ্গের বিভিন্ন জেলায় বজ্র বিদ্যুৎ স ঝড় বৃষ্টির সম্ভাবনা। ২৫ তারিখ পর্যন্ত বজ্রপাত ও ঝড় বৃষ্টির সতর্কতা থাকছে। ঝোড়ো াওয়ার দাপটে ২৪ তারিখ, শুক্রবার সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনা। মৎস্যজীবীদের ২৩ ও ২৪ তারিখ সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া য়েছে।

oooooooooooooooooo

আমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে আজ আইপিএল ক্রিকেটের প্রথম কোয়ালিফায়ার ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, সানরাইজার্স ায়দ্রাবাদের মুখোমুখি য়েছে। টসে জিতে সানরাইজার্স প্রথমে ব্যাট করছে।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo